তারিখ 21 SEP 2016
পৃষ্ঠা ৬ কলাম ৫

দৈনিক
আমাদের সময়

# ইবির হলে ১৫ দিন অনুপস্থিত থাকলে সিট বাতিল

ইবি প্রতিনিধি •

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) আবাসিক হলে ১৫ দিন অনুপস্থিত থাকলে সিট বাতিলসহ বেশ কিছু সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রাধ্যক্ষ পরিষদ। অনাবাসিক কোনো শিক্ষার্থী হলে অবস্থান করতে পারবে। এ ছাড়া আবাসিক হলে থাকার পদ্ধতি, নতুন আঙ্গিকে হল কার্ড তৈরির সিদ্ধান্তও হয়েছে। গতকাল মঙ্গলবার প্রাধ্যক্ষ পরিষদের এক জরুরি সভায় এমন সিদ্ধান্ত হয়। এ বিষয়ে প্রাধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক ড. মিজানুর রহমান বলেন, সভার সব সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও প্রশাসনের সুবিধার কথা চিন্তা করেই নেওয়া হয়েছে।